গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.২২৩.০০০.২০.০০০৪.২৪-৬৭ তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.

প্রাপকঃ জেলা প্রশাসক
রাংগামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়ঃ ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী পরিবারের মধ্যে রেশন হিসেবে বিতরণের জন্য **৪র্থ কিস্তির (এপ্রিল/২০২৫-জুন/২০২৫) খাদ্যশস্য** (চাল) ছাড়করণ।

সূত্র: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৮৩৩, তারিখ: ০৬/০৪/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী পরিবারের জন্য ৪র্থ কিস্তি (এপ্রিল/২০২৫-জুন/২০২৫) বাবদ ৩,৮৭৮.৫৬৭ মে.টন চাল সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে নিম্নোক্তহারে নির্দেশক্রমে ছাড় করা হলো:

ক্রমিক নং	জেলার নাম	পরিবারের সংখ্যা	বরাদ্দের পরিমাণ (চাল) মে.টন
১।	খাগড়াছড়ি পার্বত্য জেলা	১২,১৬৪	৩,৮৫৯.৮৪৬ মে.টন
২।	রাংগামাটি পার্বত্য জেলা	৫৯	১৮.৭২২ মে.টন
	মোট	১২,২২৩	৩,৮৭৮.৫৬৮ মে.টন

০২। এ ব্যয় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়, ৩৭-সামাজিক সুবিধাদি, ৩৭২২-অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি, ৩৭২২১০১-ত্রাণ কার্য (চাল), ৩৭২২১০২-ত্রাণ কার্য (গম) খাত এবং অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ০৬/০৪/২০২৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩(অ-২)-৮৩৩ নম্বর স্মারকমূলে বরাদ্দকৃত খাদ্যশস্যের অর্থনৈতিক মূল্যের ভিত্তিতে আনুপাতিক হার এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বিভাজন অনুযায়ী বরাদ্দকৃত খাদ্যশস্য খাত থেকে নির্বাহ করা হবে।

শর্তসমূহঃ

ক) এ মন্ত্রণালয়ের ১৯/১০/২০০৬ খ্রিঃ তারিখের পাচবিম (সম-১)-৭৩/৯৮(অংশ-১)-৩০৩ নং স্মারকে বিশেষ প্রকল্প বাস্তবায়ন কর্মসূচির জন্য পার্বত্য জেলার জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহার ও বিতরণ নীতিমালায় বর্নিত সকল শর্তাদি যথানিয়মে প্রতিপালন এবং বিতরণ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

খ) বরাদ্দকৃত খাদ্যশস্য স্থানীয় গুদাম হতে যথাসময়ে উত্তোলন করতে হবে।

গ) প্রয়োজনবোধে জেলা প্রশাসক বরাদ্দকৃত ত্রৈমাসিক খাদ্যশস্য ০১ (এক) মাস অন্তর অন্তর খাদ্য গুদাম হতে উত্তোলনপূর্বক বিতরণ করতে পারবেন।

ঘ) বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে।

(মো: সফিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

নম্বর-২৯.০০.০০০০.২২৩.০০০.২০.০০০৪.২৪-৬৭ তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনবার্সন এবং অভ্যন্তরীন উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।

চলমান পাতা-০২

৫. নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৬. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৭. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৮. উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাংগামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. হিসাব রক্ষণ কর্মকর্তা, রাংগামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা।

22.08.২৫
(মো: সফিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব